

অপহৃত দুই শিক্ষার্থী উদ্ধার হয়নি

ইবি উত্তাল : মহাসড়ক অবরোধ গাড়ি ভাঙচুর

প্রতিনিধি, ইবি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থী অপহৃত হওয়ার ঘটনায় উত্তাল হয়ে উঠেছে গোটা ক্যাম্পাস। শিক্ষার্থীরা অপহৃতদের মুক্তির দাবিতে গতকাল বিক্ষোভ মিছিলসহ কুষ্টিয়া-খুলনা মহাসড়ক অবরোধ করে। এতে তীব্র যানজটের সৃষ্টি হয়। এ ঘটনায় একটি বাস ভাঙচুর করেছে তারা। এতে দুজন শিক্ষক আহত হন। আহতদের ইবি মেডিকেল প্রাথমিক চিকিৎসা দেয়া হয়েছে। এদিকে আগামী ১২ মার্চের মধ্যে দুই ছাত্র উদ্ধার না হলে ১৩ মার্চ থেকে বিশ্ববিদ্যালয় অচল করে দেয়ার হুমকি দেয় শিক্ষার্থীরা। শিক্ষক আহত ও গাড়ি ভাঙচুরের ঘটনা তদন্তে তিন সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানায়, অপহৃত শিক্ষার্থী আল-মুকাদ্দাস ও ওয়াশীউল্লাহকে উদ্ধারের দাবিতে গতকাল বিক্ষুব্ধ শিক্ষার্থীরা মীর মশাররফ হোসেন অনুবন্দ থেকে সাড়ে ১০টায় একটি বিক্ষোভ

ইবি : পৃষ্ঠা : ২ ক : ৮

ইবি : উত্তাল

(১৬ পৃষ্ঠায় পর)

মিছিল বের করে। পরে আবার অনুবন্দ ভবন হতে প্রায় আট শতাধিক শিক্ষার্থী বেলা ১১টায় একটি বিক্ষোভ মিছিল বের করে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বিশ্ববিদ্যালয় সংলগ্ন কুষ্টিয়া-খুলনা মহাসড়ক আধা ঘণ্টা অবরোধ করে রাখে। এ সময় মহাসড়কে প্রায় দুই কিলোমিটার জুড়ে গাড়ি অটকা পড়লে তীব্র যানজটের সৃষ্টি হয়। বেলা সাড়ে ১১টায় বিক্ষুব্ধ শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয়ের মেইন গেটে ভাঙ্গা নিয়ে বিক্ষোভ করে। তারা বিক্ষোভ মিছিল নিয়ে প্রশাসনিক ভবনের সামনেও অবস্থান নিয়ে সমাবেশ করে। সমাবেশে বক্তারা বলেন, আগামী ১২ মার্চের মধ্যে অপহৃত ছাত্রদের সন্ধান দিতে না পারলে ১৩ মার্চ থেকে বিশ্ববিদ্যালয়ে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘটের মাধ্যমে ক্যাম্পাস অচল করে দেয়া হবে।